# KHALISANI MAHAVIDYALAYA

ESTD 1970

**AISHE CODE: C-44706**
**NAAC ACCREDITED (3RD CYCLE)**
Khalisani, Chandannagar, Hooghly, Pin-712138
Ph. No. (033)-2682-5530/9517/8856
Email- khalisanimahavidyalaya@gmail.com
Website: www.khalisanicollege.ac.in

*Enlightenment through Education*

Date: 21.08.2025

## ৫৫তম প্রতিষ্ঠা দিবস উদ্‌যাপন উপলক্ষে রক্তদান শিবিরে অংশগ্রহণের জন্য আন্তরিক আহ্বান

**তারিখ: ১লা সেপ্টেম্বর, ২০২৫**
**স্থান: খলিসানী মহাবিদ্যালয়, সারদা ভবন।**
**সময়: সকাল ১১টা থেকে দুপুর ২টো।**

প্রিয় ছাত্র-ছাত্রী, শিক্ষকবৃন্দ, প্রাক্তন ছাত্র-ছাত্রী ও এলাকার সম্মানীয় নাগরিকবৃন্দ,

আপনাদের সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আগামী ১লা সেপ্টেম্বর আমাদের প্রিয় খলিসানী মহাবিদ্যালয় তার ৫৫তম প্রতিষ্ঠা দিবসে পদার্পণ করতে চলেছে। এই শুভদিনকে স্মরণীয় করে রাখতে আমরা কলেজে NSS ও প্রাক্তনী সংসদের সহায়তায় একটি রক্তদান শিবিরের আয়োজন করতে চলেছি।

বলাই বাহুল্য, রক্তদান একটি মহৎ কর্ম, যা জীবন রক্ষা করে। আমাদের সমাজে অনেক মানুষ, বিশেষত অসুস্থ ও দুর্ঘটনাগ্রস্ত রোগীর জীবন, প্রতিনিয়ত রক্তের জন্য নির্ভর করে থাকে। এই দায়িত্ববোধ থেকে, আসুন আমরা সকলে মিলে এগিয়ে আসি ও এই উদ্যোগকে সফল করে তুলি।

এই রক্তদান শিবিরে অংশগ্রহণ করার জন্য আমি কলেজের সকল ছাত্র-ছাত্রী, অধ্যাপক-অধ্যাপিকা, প্রাক্তন ছাত্র-ছাত্রী, এবং স্থানীয় বাসিন্দাদের প্রতি আন্তরিক আহ্বান জানাচ্ছি। অনুগ্রহ করে আপনার বন্ধু-বান্ধব ও পরিবারকে নিয়েও আসুন, এবং এই মানবিক ও সমাজকল্যাণমুখী কার্যক্রমের অংশ হয়ে উঠুন।

আমরা একসঙ্গে এই রক্তদান শিবিরকে সফল করি ও কলেজের প্রতিষ্ঠা দিবসকে এক অন্য মাত্রা দিই – এই আমাদের বিনম্র প্রচেষ্টা।

নমস্কারান্তে

Dr. Arghya Bandyopadhyay
*Principal*
KHALISANI MAHAVIDYALAYA
Khalisani, Chandannagar
Hooghly, W.B., Pin:712138

**অধ্যক্ষ**
**খলিসানী মহাবিদ্যালয়**
চন্দননগর, হুগলী।